

একটি জন্মের কাহিনী

এফ. আহমেদ

মা প্রসব করেছে এক সন্তান
প্রসব বেদনা হওয়ার আগেই -
নয় মাসে চালাল অপারেশন,
ডাক্তার নিজের সার্থে ।

হতে পারত সাধারণ ডেলিভারী
কিন্তু তাতে যে -
ডাক্তারের জাড়ি-জুড়ি,
এবং বিল ঘায় কমে ।

পঁচিশ বছরের গোলাম হল
অসহায় দরিদ্র শিশু -
সমবাতা করল,
চুক্তি হল পিতা আর ডাক্তারে,
শিশু মনে জন্মাল অসন্তোষ
বোঝার বয়স হতেই -
ডাক্তার হতভম্ব দেখে দুঃসাহস,
বাধ্য করতে তাই সদা ব্যস্ত থাকে,
শৈশব পেড়িয়ে কৈশোরে এসে
অবাধ্য হতেই -
ডাক্তার নামে বাড়ীওয়ালা বেসে,
যেন ভাড়াটিয়ার পানি নিয়ন্ত্রণ করে,
কৈশোরে পেড়িয়ে ঘৌবনে এলে
অমান্য করতেই -
ডাক্তার শুরু করে এলে-বেলে
নিত্য নতুন চাল চালে ॥